

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সাভার, ঢাকা

www.bpatc.gov.bd

পিপিআর অনুবিভাগ

কেন্দ্রের ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রাসমূহের
প্রমাণক পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি: ড. মোঃ মহসীন আলী

এমডিএস (পিঅ্যান্ডএস) ও এপিএ, টিম লিডার

তারিখ: ১১/০৭/২০২৩ খ্রি. (মঙ্গলবার)

সময়: সকাল ১১:০০ টা

স্থান: ২০৬, আইটিসি

উপস্থিতি: সংযুক্তি 'ক'

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় জানানো হয়, আগামী ১৬ জুলাই ২০২৩ তারিখের মধ্যে এপিএএমএস সফটওয়্যারে কেন্দ্রের ২০২২-২৩ অর্থবছরের অর্জন সংশ্লিষ্ট প্রমাণকসমূহ দাখিল করতে হবে। সেহেতু, প্রমাণকসমূহ যেনো যথার্থ ও উপযুক্ত হয় তা পর্যালোচনা করাই এ সভার মূল লক্ষ্য। অতঃপর সভাপতির অনুরোধক্রমে এপিএ ফোকাল পয়েন্ট কেন্দ্রের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা সংশ্লিষ্ট প্রমাণকসমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন। প্রমাণকসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা ও বিশ্লেষণের প্রেক্ষিতে সভায় নিম্নলিখিত বিষয়ে ঐকমত্য ও সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত-১:	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী এপিএ লক্ষ্যমাত্রাসমূহের সকল প্রমাণক দাখিল করতে হবে। এক্ষেত্রে, ইতোমধ্যে সংগৃহীত প্রমাণকসমূহে কোনো হালনাগাদকরণ, পরিমার্জনের প্রয়োজন হলে তা অতি দ্রুত সম্পন্ন করে ১৩/০৭/২০২৩ তারিখ বেলা ১২ টার মধ্যেপিপিআর অনুবিভাগে প্রেরণ করতে হবে যেনো যথাসময়ে তা নির্ধারিত সফটওয়্যারে আপলোড করা যায়। বাস্তবায়ন ও সহযোগিতায়: সংশ্লিষ্ট বিভাগ/অনুবিভাগ/শাখা ও এপিএ টিম।
সিদ্ধান্ত-২:	জনপ্রশাসন মন্ত্রণালয়ের এপিএ বিশেষজ্ঞ পূলের অংশগ্রহণে আগামী ২৩/২৪ জুলাই ২০২৩ অথবা নিকটবর্তী সুবিধাজনক সময়ে বিপিএটিসি'র ২০২২-২৩ অর্থবছরের সার্বিক এপিএ কার্যক্রম মূল্যায়ন শীর্ষক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় এপিএ টিম ও সংশ্লিষ্ট সকলের উপস্থিতি নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে, সংশ্লিষ্ট সকলকে তাঁর স্ব স্ব অনুবিভাগ/ অধিশাখা/শাখা/কমিটি'র প্রমাণকসমূহের এক সেট অনুলিপি সহ সভায় উপস্থিত থাকতে হবে। বাস্তবায়ন ও সহযোগিতায়: সংশ্লিষ্ট বিভাগ/অনুবিভাগ/শাখা ও এপিএ টিম।

২

সিদ্ধান্ত-৩:	কেন্দ্রের ২০২৩-২৪ অর্থবছরের এপিএ'র নির্ধারিত লক্ষ্যমাত্রা যথাসময়ে অর্জন ও উপযুক্ত প্রমাণক সংরক্ষণ, সংগ্রহে সংশ্লিষ্ট সকলকে বছরের শুরু থেকেই সর্বোচ্চ কর্মপ্রয়াস অব্যাহত রাখতে হবে। এপিএ'র সার্বিক অর্জন ও কেন্দ্রের কর্মসম্পাদনের মান যেনো সন্তোষজনক হয় সে বিষয়ে বিশেষভাবে গুরুত্ব দিতে হবে। বাস্তবায়ন ও সহযোগিতায়: সংশ্লিষ্ট বিভাগ/অনুবিভাগ/শাখা ও এপিএ টিম।
--------------	--

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় মূল্যবান অভিমত প্রদানের জন্য উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্বাক্ষরিত/-
১২/০৭/২০২৩
(ড. মোঃ মহসীন আলী)
এমডিএস (পিঅ্যান্ডএস)
ও
এপিএ, টিম লিডার

কার্যবিবরণী নং-০৫.০১.২৬৭২.১৩৩.০৫.১০৭.২৩.৩৮০

তারিখ: ১২/০৭/২০২৩

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)র

১. এমডিএস (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা;
২. সদস্য (সকল), এপিএ টিম, বিপিএটিসি, সাভার, ঢাকা;
৩. জনাব.....;
৪. রেস্টুরের একান্ত সচিব, বিপিএটিসি, সাভার, ঢাকা (রেস্টুর মহোদয়ের অবগতির জন্য);
৫. সহকারী প্রোগ্রামার-৪, বিপিএটিসি, সাভার, ঢাকা (কেন্দ্রের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৬. সংশ্লিষ্ট নথি।


(হাসান মুতাজা মাসুম)
পরিচালক (পিপিআর)
ও
এপিএ ফোকাল পয়েন্ট